অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(১) ধারার বিধান মোতাবেক

**নিলাম দরপত্র বিজ্ঞপ্তি**

বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ।

**অর্থ ঋণ ডিক্রীজারী মোকাদ্দমা নং- ৫৮/২০২০**

সোনালী ব্যাংক পিএলসি, ফরেন এক্সচেঞ্জ শাখা (সাবেক মহিলা শাখা), নারায়ণগঞ্জ, পক্ষে এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, সাং- ৬নং সনাতন পাল লেন, থানা ও জেলা- নারায়নগঞ্জ।

............ডিক্রীদার।

বনাম

১) মেসার্স মু'আবিন ফ্যাশন, ম্যানেজিং পার্টনার- মোঃ পনির হোসেন, পিতা- মৃত খবির উদ্দিন ওরফে কালাই প্রধান, ব্যবসায়িক ঠিকানা- ৮৩, সিরাজদ্দৌলা রোড, নারায়নগঞ্জ।

২) মোঃ পনির হোসেন, পিতা- মৃত খবির উদ্দিন ওরফে কালাই, ম্যানেজিং পার্টনার- মেসার্স মু'আবিন ফ্যাশন, ব্যবসায়িক ঠিকানা- ৮৩, সিরাজদ্দৌলা রোড, নারায়নগঞ্জ, স্থায়ী ঠিকানা সাং- সানমান্দী, পোঃ- সানমান্দী, থানা- সোনারগাঁ, জেলা- নারায়নগঞ্জ।

৩) মোঃ হামিদুল ইসলাম, পার্টনার- মেসার্স মু'আবিন ফ্যাশন, পিতা- মৃত আঃ জলিল, মাতা- মৃত তাহেরুন নেছা, সাং- জাঙ্গালিয়া, পোঃ- জাঙ্গালিয়া বাজার, থানা- লৌহজং, জেলা- মুন্সিগঞ্জ।

............দাইকগণ।

এতদ্বারা সর্বসাধারণ কে জানানো যাইতেছে যে, ডিক্রিকৃত টাকার পরিমান .............................. টাকা, ..................... ইং পর্যন্ত সুদ .............................. টাকা, অন্যান্য খরচ ........................ টাকা, মোট পাওনা .............................. টাকা। এমতাবস্থায় তৎসহ নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদি আদায়ের নিমিত্তে অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জের এজলাসে রক্ষিত নিলামের টেন্ডারবাক্সের মাধ্যমে নিম্নবর্ণিত শর্তে আগামী .................. ইংরেজি তারিখে নিলাম বিক্রয়ের নিমিত্ত সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

<u>নিলামের শর্তাবলি:</u>

১। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), প্রদত্ত দর অংকে ও কথায় লিখে দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে খামের উপর ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম উল্লেখপূর্বক সিল মোহরকৃত খামে দরপত্র সরাসরি দরপত্র বাক্সে কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে আগামী .................. ইং তারিখে বেলা- ১২.০০ ঘটিকা সময়ের মধ্যে জজ অর্থঋণ আদালত নারায়নগঞ্জ বরাবর দাখিল করিতে হইবে।

২। উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% সমপরিমাণ টাকা জামানত স্বরূপ প্রত্যেক দরদাতাকে জজ, অর্থঋণ আদালত, নারায়নগঞ্জ এর অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে অর্ডারের মাধ্যমে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পর পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে নিলাম ক্রয়ের সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় আদালত উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।

৪। দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য কম প্রতীয়মান হইলে আদালত দর প্রস্তাব বাতিল করিতে পারিবেন।

৫। সর্বোচ্চ দরদাতাকে নিলামের সম্পত্তির মালিকানা প্রাপ্তির লক্ষ্যে প্রযোজ্য রেজিঃ খরচ, স্ট্যাম্প ডিউটি, অন্যান্য খরচ এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে এবং তফসীল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যে কোন কর বিল সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রিদারের উপর বর্তাবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তি গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৭। নিলাম ডাকে আগ্রহী ব্যক্তিগণ যাবতীয় তথ্যের জন্য ডিক্রিদার ব্যাংকে যোগাযোগ করিতে পারিবেন।

<u>সম্পত্তির তফসিল(খ)</u>

জেলা-নারায়ণগঞ্জ, থানা-সোনারগাঁ, মৌজা-সনমান্দী, জে.এল নং- সি.এস ১১৪, এস.এ ১৩৯, আরএস ১৩৪।

| খতিয়ান নং | দাগ নং | প্রকৃতী | পরিমান |
|---|---|---|---|
| সি.এস: ৫৯<br>এস.এ: ২৬<br>আর.এস: ১২৭৮<br>নামজারী: ৪২৫০ | সি.এস ও এস.এ: ৫০০<br>আর.এস: ৩৮৫ | নাল | ২৭ শতাংশ |

আদালতের আদেশক্রমে

সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত
নারায়ণগঞ্জ।